তারিখ ..05. APR. 1990
পৃষ্ঠা... ৫ ...কলাম... ৮...

দৈনিক খবর

৩৬

৩

## অনার্স পরীক্ষার অনুমতিপ্রসঙ্গে

আমরা ১৯৮৪-৮৫ সেশনের ১৯৮৮ ব্যাচের অনার্স পরীক্ষার্থী। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বর্তমানে এক নতুন নিয়ম জারির মাধ্যমে বলেছেন যে, যারা ১৯৮৭ সনের সাবসিডিয়ারী পরীক্ষায় এক বা দুই বিষয়ে পাস করেছে কেবল তারাই পরীক্ষার অনুমতি পাবে। কিন্তু যারা ১৯৮৮ সনের সাবসিডিয়ারী এক বা দুই বিষয়ে পাস করেছে তারা পরীক্ষার অনুমতি পাবে না। এই অযৌক্তিক সিদ্ধান্তের ফলে বহু পরীক্ষার্থী অনার্স পরীক্ষা দিতে পারবে না। বলা বাহুল্য যে, ঢাকা বিশ্ববিদ্যালয় এমনিতেই সেশনজটে জর্জরিত। এরপরে এ যুক্তিহীন সিদ্ধান্তে সেশনজট আরও দীর্ঘায়িত হবে।

গত বছর পরীক্ষার ২ মাস পূর্বে এ ধরনের পরীক্ষার্থীদের পরীক্ষার অনুমতি দেয়া হয়। এই অনুমতি দেয়া না দেয়ারই নামান্তর।

সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তথা সরকারের নিকট আমাদের আকুল আবেদন যে, ১৫ই রমজানের আগেই আমাদেরকে অনার্স পরীক্ষার অনুমতি প্রদান করে এতগুলো জীবনকে হতাশার হাত হতে রক্ষা করবেন।

জগন্নাথ বিশ্বঃ কলেজের ছাত্র-ছাত্রীর পক্ষে
বারী, টুটুল, কাজল, লতা, শাহীদা।